**ISTITUTO COMPRENSIVO STATALE "ERMANNO OLMI"**
Cod. Mecc. MIIC8FP00T - C.F. 97667360156
e-mail: miic8fp00t@istruzione.it pec: miic8fp00t@pec.istruzione.it
Scuola Secondaria Primo Grado Via Maffucci, 60 - 20158 MILANO
☎02/88447160 – 02/88447164 fax
Scuola Primaria "M. Curie" Via Guicciardi, 1 - 20158 MILANO
☎02/88446931 – 02/39320412 fax
Scuola Primaria "G. Leopardi" V.le Bodio, 22 - 20158 MILANO
☎02/88446840 – 02/88446842 fax

D.P.R n. 249 del 24/6 /1998 e il D.P.R. n. 235 del 21/11/2007 এর আইন অনুসারে " শিক্ষার্থীদের সংবিধান সম্বলিত প্রবিধান "

D. M. n. 16 del 5 febbraio 2007 এর আইন অনুসারে " বুলিং অথবা অন্যায় হেনস্তা প্রতিরোধের জন্য জাতীয় পর্যায়ে সাধারন নির্দেশিকা এবং সেই অনুযায়ী ব্যবস্থা "

D. M n. 30 del 15.03.2007 এর আইন অনুসারে " শিক্ষামুলক কার্যক্রম চলাকালীন মোবাইল ফোন অথবা অন্যান্য ইলেক্ট্রনিকস ডিভাইস ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা , শাস্তিমূলক নিষেধাজ্ঞা , তত্ত্বাবধায়নের দায়িত্ব এবং অভিভাবক এবং শিক্ষকদের সহ- দায়িত্ব "

ইন্সটিটিউটের নিয়ম অনুযায়ী , প্রশিক্ষণের তিন বছরে এখানের সমস্ত অভিভাবকের অধিকার এবং কর্তব্য, শিক্ষার্থীর অধিকার এবং কর্তব্য , এবং স্কুলের সব অপারেটরদের অধিকার এবং কর্তব্য সুস্পষ্টভাবে প্রস্তাবিত আছে ;

সাইবার বুলিং এবং ব্যক্তিগত গোপনীয়তার সুরক্ষায় বর্তমান আইন অনুযায়ী ; 92/2019 এর বিধান অনুযায়ী " নাগরিক স্কুল শিক্ষার প্রবর্তন "

যথাযথ মন্ত্রণালয়ের আইন অনুযায়ী , কোভিড -১৯ এর কারনে জরুরী স্বাস্থ্য ব্যবস্থাপনার জন্য CTS এবং স্বাস্থ্য কতৃপক্ষের পক্ষ থেকে পূর্বাভাস ।

**মনে রাখতে হবে যে**

*প্রশিক্ষণ এবং শিক্ষা মানুষের জীবনকে পরিপূর্ণ এবং মূল্যবান করে । আশানুরূপ ফল পেতে শিক্ষাখাতের সবাইকে ( শিক্ষার্থী, শিক্ষকগণ, পরিবারগণ, ATA এর কর্মির্বৃন্দ এবং আশেপাশের সবাই ) একজোট হয়ে শিক্ষা এবং প্রশিক্ষণের ক্ষেত্রে নিজ নিজ দায়িত্ব এবং কর্তব্য সঠিকভাবে পালন করতে হবে ।*

**স্কুল পরিবার এবং শিক্ষার্থী ....................................... শ্রেণী ........ এর সাথে যে সমস্ত চুক্তিতে আবদ্ধ**

| |
|---|
| নিম্নোলিখিত **চুক্তিসমুহ** স্কুল এবং অভিভাবকের দায়িত্ব সম্পর্কিত |

**"ERMANNO OLMI" ইনিস্টিটিউট যে প্রতিশ্রুতি দেয় :**

- সমস্ত শিক্ষক এবং কর্মী , ছাত্র / ছাত্রী এবং অভিভাবকদের কাছে অত্র স্কুলের শিক্ষাগত মডেল এবং এখানকার আইন- কানুন সম্পরকে অবহিত করা ;
- সমস্ত ছাত্র / ছাত্রীকে সমান ভাবে সুযোগ দেয়া ;
- ব্যক্তির মানসিক বৃদ্ধি এবং পূর্ণ বিকাশকে উৎসাহিত করা ।

| অভিভাবকদের দায়িত্ব ও কর্তব্য ... | স্কুলের দায়িত্ব ও কর্তব্য ... | শিক্ষার্থীদের দায়িত্ব ও কর্তব্য ... |
|---|---|---|
| শিক্ষা সম্পর্কিত সমস্ত আইন এবং নিয়মাবলী নিজে জানা এবং নিজ সন্তানকেও সে সম্পর্কে অবহিত করা ।<br><br>সন্তানকে সঠিক শিক্ষাগত প্রশিক্ষনের মাধ্যমে সাংস্কৃতিক উন্নতিতে অংশগ্রহনের নিশ্চয়তা দেয়া ।<br><br>স্কুলের এবং ক্লাসের বিভিন্ন প্রশিক্ষণ প্রকল্পগুলি সম্পর্কে জানা এবং তা মেনে চলা ।<br><br>অভিভাবকদের সাথে শিক্ষকদের নির্ধারিত মিটিং এবং অন্যান্য ক্লাস / ইন্টারক্লাসের মিটিংয়ে নিয়মিত অংশগ্রহণ করা ।<br><br>সন্তানের রেগুলার পাঠ এবং নির্বাচিত কোর্সগুলোর নির্ধারিত সময় শেষ না হওয়া পর্যন্ত নিয়মিতভাবে উপস্থিতির নিশ্চয়তার ব্যবস্থা করা ।<br><br>স্কুলে অনুপস্থিত থাকার যথাযথ কারন দর্শানো এবং পরিবার – স্কুলের মধ্যে নোটিসগুলি ( ডাইরি , ইলেকট্রনিক রেজিস্টার ইত্যাদির মাধ্যমে প্রাপ্ত ) নিয়মিতভাবে চেক করা ।<br><br>সন্তানের স্কুলের জন্য প্রয়োজনীয় সমস্ত উপকরনের ব্যবস্থা করা ।<br><br>সন্তানকে তার স্কুলের কাজ নিজে নিজে করার ব্যপারে উৎসাহিত করা। | অভিভাবকদের শিক্ষা সম্পর্কিত সমস্ত অফার এবং স্কুলের বিভিন্ন নথিপত্র সম্পর্কে জানানো ।<br><br>প্রদত্ত যোগাযোগের সরঞ্জাম ( ডাইরি, ইলেক্ট্রনিক রেজিস্টার , সাক্ষাৎকার ) এবং পদ্ধতির মাধ্যমে স্কুলের কার্যক্রম সম্পর্কে অভিভাবকদেরকে অবহিত করা ।<br><br>শিক্ষার্থীদের ব্যক্তিগত চাহিদার প্রতি যথাযথ মনোযোগ , ন্যায্য মূল্যায়ন এবং যথা সময়ে পরিবারের সাথে যোগাযোগ করা ।<br><br>স্কুলের বিধান অনুযায়ী নির্ধারিত পদ্ধতির মাধ্যমে অভিভাবকদের স্কুলের অগ্রগতি সম্পর্কে অবহিত করা ।<br><br>সমস্যা সমাধানে অভিভাবককে সম্পৃক্ত করা এবং তাদের ভূমিকার প্রতি শ্রদ্ধা রেখে তাদের সাথে একমত হয়ে একসাথে কাজ করা ।<br><br>শিক্ষার্থীর যার যার স্বতন্ত্র ব্যক্তিত্ব বিবেচনায় রেখে সেই অনুযায়ী বিভিন্ন বিষয়ে অংশগ্রহণ করানোর বিষয় নিশ্চিত করা ।<br><br>ব্যক্তির সমালোচনামূলক অনুভুতি , বিকাশ এবং বৈধ গুরুত্বপূর্ণ আচরনগুলিকে উৎসাহিত করার লক্ষে প্রশিক্ষণমুলক পদক্ষেপ গ্রহন করা , সাইবার বুলিং এবং বিভিন্ন বৈষম্যের বিরুদ্ধে প্রণীত আইনের প্রতি শ্রদ্ধাশীল থাকা । | স্কুলের সুস্পষ্ট আইন অনুযায়ী নিজ নিজ অধিকার , দায়িত্ব সম্পর্কে সচেতন থাকা, সামগ্রিকভাবে স্কুলের পরিবেশ , সরঞ্জামাদি এবং সব মানুষের প্রতি দায়িত্বশীল থাকা এবং সম্মান প্রদর্শন করা ।<br><br>শিক্ষা সংশ্লিষ্ট যার যার কাজের প্রেক্ষাপটের সাথে সামঞ্জস্যপূর্ণ , দায়িত্বপূর্ণ আচরণের মাধ্যমে , নিজ নিজ কাজ সম্পূর্ণ করা ।<br><br>স্কুলের শিক্ষা কার্যক্রমের জন্য প্রয়োজনীয় সামগ্রী , সঠিকভাবে নিয়মিত সাথে আনা ।<br><br>স্কুলের পাঠ ,পাঠ্যক্রম সম্পর্কিত বিভিন্ন কার্যক্রম এবং পাঠ্যক্রমের বাইরে স্কুলের অন্যান্য কার্যক্রমের জন্য নির্ধারিত সময়সূচী যথাযথ ভাবে অনুসরন করা ।<br><br>স্কুলের সমস্ত শিক্ষক এবং অন্যান্য কর্মীদের প্রতি শ্রদ্ধা , তাদের কথা শোনা এবং সবার প্রতি সহযোগিতামূলক আচরণ করা ।<br><br>নিজের ক্লাসের এবং অন্য বাকি সব ক্লাসের সহপাঠীদের প্রতি শ্রদ্ধা , তাদের কথা শোনা এবং তাদের প্রতি সহযোগিতামূলক আচরণ করা ।<br><br>স্কুল এবং স্কুলের আসবাব ,বিভিন্ন জিনিসপত্রের যথাযথ যত্ন নেয়া এবং সেগুলোর কোন রকমের ক্ষতি করা থেকে বিরত থাকা ।<br><br>নিদৃস্ট বিধি বিধান অনুসরন করে, স্কুলের বিভিন্ন উপকরন ও সরঞ্জামাদির সঠিক ব্যবহার করা । |

| | | |
|---|---|---|
| স্কুলে এবং স্কুলের বাইরে আপনার সন্তানকে সরবরাহ করা ইলেকট্রনিক ডিভাইসের শিক্ষাগত নিয়ন্ত্রণ ব্যবস্থা অনুযায়ী সঠিকভাবে ব্যবহার করাকে উৎসাহিত করা । | বিলম্ব এবং অসুবিধার পরিস্থিতি পুনরুদ্ধারের জন্য উদ্যোগ , শিক্ষাগত সাফল্যের অনুকূলে, প্রারম্ভিক স্কুল ছাড়ার বিরুদ্ধে লড়াই করা , সাফল্য প্রচার করা এবং শ্রেষ্ঠত্ব উৎসাহিত করা । | সাধারন নাগরিক জীবনের নিয়ম, জরুরী স্বাস্থ্য অবস্থার মধ্যে বসবাস , এবং বিশেষ করে স্কুলে বসবাসের নিয়ম, এমনকি ডিজিটাল মাধ্যম (DaD) ব্যবহার করে দূরে বসে শিক্ষা গ্রহনের সময়ও যথাযথ আইনকে মেনে চলা ;<br><br>যথাযথ আইন অনুযায়ী ইলেকট্রনিক্স ডিভাইস ব্যবহার করা , সাধারনভাবে সাইবার বুলিংয়ের করনে অন্যের ব্যক্তিগত গোপনীয়তা এবং মর্যাদার জন্য ক্ষতিকর কাজ এড়িয়ে চলা । |

## কোভিড-১৯ এর জরুরী স্বাস্থ্য ব্যবস্থাপনা

| **স্কুল যা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ ...** | **পরিবারের কর্তব্য ...** |
|---|---|
| স্কুলের কার্যক্রমের জন্য ব্যবহৃত সমস্ত স্থানে নিরাপত্তা এবং স্বাস্থ্যবিধির শর্তাবলী পূরণ করা ।<br><br>কোভিড- ১৯ এর সংক্রমণ প্রতিরোধের জন্য স্কুল সংশ্লিষ্ট সবাইকে তথ্য প্রদান এবং প্রশিক্ষণ কার্যক্রমের ব্যবস্থা করা ।<br><br>নিশ্চিত নিরাপদ প্রশিক্ষণের ব্যবস্থা , এছাড়াও শিক্ষামূলক পদ্ধতি এবং দূরত্বে থেকেও প্রয়োজনীয় যোগাযোগ করতে পারার উপযোগী ব্যবস্থা করে দেয়া ।<br><br>স্কুলের কর্মী , শিক্ষক , শিক্ষার্থী এবং অভিভাবকদের মধ্যে জনস্বাস্থ্য সুরক্ষার উদ্দেশ্যে বিভিন্ন দায়িত্বকে ভাগ করে দেয়া ।<br><br>প্রশসনিক কাজে স্বচ্ছতা , যোগাযোগের স্বচ্ছতা এবং সময়োপযোগীতা , আইটি সরঞ্জাম ব্যবহারের ক্ষেত্রে, প্রাইভেসি রক্ষার নিশ্চয়তার ব্যবস্থা করা ।<br><br>কতৃপক্ষ কতৃক গৃহীত পদক্ষেপের সাথে সামঞ্জস্য রেখে আচরনবিধি , বিভিন্ন বিধান এবং নিষেধাজ্ঞার সঠিক প্রয়োগের ব্যবস্থা করা । | কোভিড-১৯ এর কারনে জরুরী স্বাস্থ্য ব্যবস্থাপনার জন্য সাংগঠনিক পরিকল্পনা ভাল করে লক্ষ্য করা ও বোঝা এবং নিজ দক্ষতা অনুযায়ী তা প্রয়োগ নিশ্চিত করা ।<br><br>স্কুলের সমস্ত নির্দেশনা মান্য করা , যাতে করে একটি ইতিবাচক সহযোগিতার পরিবেশে , স্কুলের সকল কার্যক্রম নিরাপদ এবং সুন্দর ভাবে শেষ করা যায় ।<br><br>কোভিড- ১৯ সংক্রমণের সমস্ত প্রতিরোধমূলক নির্দেশনাগুলি মেনে চলা, বিশেষভাবে : বাচ্চাকে স্কুলে দেয়ার আগে তার শরীরের তাপমাত্রা পরিমাপ করা , আইন অনুযায়ী স্বাস্থ্য সুরক্ষার প্রয়োজনীয় ডিভাইসের ব্যবস্থা রাখা ।<br><br>সন্তানের স্কুলে প্রবেশ / প্রস্থানের নিদৃস্ট সময় এবং নিয়মিতভাবে ক্লাসে উপস্থিতির দিকে বিশেষভাবে খেয়াল রাখা , সেটা হোক সরাসরি স্কুলে এসে ক্লাস করা অথবা অনলাইনে ক্লাস করা ।<br><br>নির্ধারিত সাইটে গিয়ে ইলেকট্রনিক রেজিস্টার এবং ই- মেইল নিয়মিতভাবে চেক করা । |

তারিখ ____________________

অভিভাবকের সাক্ষর _________________________

শিক্ষার্থীর সাক্ষর ___________________________

সমন্বয়কারী শিক্ষকের স্বাক্ষর _____________________